

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

29 April 2013

“Develop network with peers in Bangladesh”-Ambassador Akramul Qader urges expatriate doctors.

Bangladesh Ambassador to the USA and State Minister Mr. Akramul Qader attended the annual conference of Bangladesh Medical Association of North America, Louisiana chapter in Orleans, Louisiana and addressed a gathering of Bangladeshi medical scientists and practitioners. In his speech as the chief guest at the conference, Ambassador Qader remarked that the increasing number of Bangladeshi medical scientists and practitioners in the USA is encouraging.

Highlighting Bangladesh's achievements in the healthcare sector in the last few decades Mr. Qader stressed that for more progress Bangladesh counts on “the expatriate medical professional's advances in fundamental research and public health management”. Ambassador Qader urged upon the Bangladesh origin doctors to expand knowledge sharing and professional networking with their peers in Bangladesh.

The conference featured a session on medical education which was moderated by Dr. Riaz Ferdous. Papers were presented by Dr. Laxman Bahroo on cervical dystonia, Dr. Abul Baset Khan on memory loss, Dr. Shameem Akhtar on diabetes prevention, Dr. Emad Kandil on Thyroid disease and Dr. Farinaz Khan on cholera and climate change in Bangladesh.

The event followed a cultural soiree in which local artists performed . A portion of the French playwright Molière's satirical comedy "The Miser" was staged in the evening. Among the performers were: Mehran, Banani, Progga, Suravi, Jamal and Anup. Association's president Dr. Dewan Syed A. Majid thanked all members and volunteers for successful holding of the conference and expressed the hope that the association would continue its efforts to improve the standard of medical education in Bangladesh. The organizers handed over Certificate of Appreciation to the conference speakers.

Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-0183, Fax: 202-244-2771, E-mail: pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

২৯ এপ্রিল ২০১৩

প্রবাসী চিকিৎসকগণকে বাংলাদেশে কর্মরত সহকর্মীগণের সাথে সংযোগ স্থাপনের পরামর্শ দিলেন রাষ্ট্রদূত আকরামুল কাদের

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত ও মাননীয় প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের Orleans, Louisiana -তে অনুষ্ঠিত Bangladesh Medical Association of North America, Louisiana Chapter -এর বার্ষিক সম্মেলনে যোগদান করেন এবং সম্মেলনে অংশগ্রহণকারী প্রবাসী চিকিৎসক ও চিকিৎসা-বিজ্ঞানী দের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান কালে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে কর্মরত বাংলাদেশী বংশোদ্ভূত চিকিৎসক ও চিকিৎসা-বিজ্ঞানীর সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাওয়াকে উৎসাহব্যাঞ্জক বলে মন্তব্য করেন।

বিগত কয়েক দশকে স্বাস্থ্যক্ষেত্রে বাংলাদেশের অবিস্মরণীয় সাফল্যের কথা উল্লেখ করে তিনি আশা প্রকাশ করেন যে 'চিকিৎসাবিজ্ঞানে মৌলিক গবেষণা ও জনস্বাস্থ্য ব্যবস্থাপণায় প্রবাসী চিকিৎসক এবং চিকিৎসাবিজ্ঞানীদের অর্জিত অগ্রগতি এ সাফল্যকে আর বেগবান করবে। এ সময় তিনি বাংলাদেশী বংশোদ্ভূত চিকিৎসকগণকে স্বদেশে কর্মরত সহকর্মীগণের সাথে তথ্য ও জ্ঞান বিনিময় এবং পেশাগত ক্ষেত্রে কার্যকর সংযোগ স্থাপনের জন্য অনুরোধ জানান।

সম্মেলনে 'চিকিৎসা শিক্ষা' বিষয়ে একটি বিশেষ সেমিনার অনুষ্ঠিত হয়। ডঃ রিয়াজ ফেরদৌস-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে cervical dystonia বিষয়ে paper উপস্থাপন করেন Dr. Laxman Bahrool এছাড়া memory loss বিষয়ে Dr. Abul Baset Khan, diabetes prevention বিষয়ে Dr. Shameem Akhtar, Thyroid disease বিষয়ে Dr. Emad Kandil এবং কলেরা ও জলবায়ু পরিবর্তন বিষয়ে Dr. Farinaz Khan তাঁদের স্ব স্ব paper উপস্থাপন করেন।

আলোচনা শেষে স্থানীয় শিল্পীদের নিয়ে একটি সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। অনুস্থানে ফরাসী নাট্যকার মলিয়ের - এর "The Miser" নাটকের অংশবিশেষ মঞ্চস্থ করা হয়। অনুস্থানে অন্যান্যের মধ্যে অংশগ্রহণ করেন মেহরান, বনানী, প্রজ্ঞা, সুরভী, জামাল ও অনুপ। অনুষ্ঠান শেষে সংস্থা টির সভাপতি ডঃ দেওয়ান সৈয়দ এ মজিদ সম্মেলনের সফল সমাপ্তির জন্য সকল সদস্য ও স্বেচ্ছাসেবকগণকে ধন্যবাদ জানান। আয়োজকদের পক্ষ থেকে সম্মেলনের বক্তাগণকে Certificate of Appreciation প্রদান করা হয়।

বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি, ফোনঃ ২০২-২৪৪-০১৮৩, ফ্যাক্সঃ ২০২-২৪৪-২৭৭১, ইমেইলঃ pressministerwash@yahoo.com